

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৮২৬

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرِّقَائِقِ)

পরিচ্ছেদঃ একটি নির্দিষ্ট সংখ্যায় সুবহানাল্লাহ ও আলহামদুলিল্লাহ বললে, মহান আল্লাহ তার বদৌলতে তার পূর্বের গোনাহসমূহ ক্ষমা করে দেন

ذِكْرُ مَغْفِرَةِ اللَّهِ جَلَّ وَعَلَا مَا سَلَفَ مِنْ ذُنُوبِ الْمَرْءِ بِالتَّسْبِيحِ وَالتَّحْمِيدِ إِذَا كَانَ ذَلِكَ بِعَدَدٍ
مَعْلُومٍ

আরবী

826 - أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدٍ بْنُ سِنَانٍ بِمَنْبَجٍ قَالَ: أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِكٍ عَنْ سُمَيٍّ عَنْ أَبِي صَالِحٍ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (مَنْ قَالَ: سُبْحَانَ اللَّهِ وَبِحَمْدِهِ فِي يَوْمٍ مِئَةَ مَرَّةٍ حُطَّتْ خَطَايَاهُ وَإِنْ كَانَتْ مِثْلَ زَيْدِ الْبَحْرِ) الراوي: أَبُو هُرَيْرَةَ المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 826 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৮২৬. আবু হুরাইরা রাযিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যে ব্যক্তি দিনে একশত বার **سُبْحَانَ اللَّهِ وَبِحَمْدِهِ** (আল্লাহর পবিত্রতা ঘোষণা করছি, এবং তাঁর প্রশংসা করছি।) পাঠ করবে, তার গোনাহ ক্ষমা করা হবে, যদিও তা সমুদ্রের ফেনা পরিমাণ হয়।”[1]

ফুটনোট

[1] বাগাবী, শারহুস সুন্নাহ: ১২৬২; মুয়াত্তা ইমাম মালিক: ১/২০৯-২১০; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১০/২৯০; মুসনাদ আহমাদ: ২/৩০২; সহীহ আল বুখারী: ৬৪০৫; সহীহ মুসলিম: ২৬৯১; তিরমিযী: ৩৪৬৬; ইবনু মাজাহ: ৩৮১২।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী

রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আল কালিমুত তয়্যিব: ২৬ পৃষ্ঠা।)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=89329>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন